সর্বোত্তম সঙ্গী চারজন, সর্বোত্তম ছোট বাহিনীর সংখ্যা চারশ’, সর্বোত্তম বড় বাহিনীর সংখ্যা চার হাজার। আর বারো হাজার সৈন্য কখনো স্বল্পতার কারণে পরাজিত হবে না।

ইবন আব্বাস রাদিয়াল্লাহু ‘আনহুমা কর্তৃক বর্ণিত, নবী বলেছেন, “সর্বোত্তম সঙ্গী
হলো চারজন, সর্বোত্তম ছোট সেনাবাহিনী হলো চারশ’ জন, সর্বোত্তম বড় সেনাবাহিনী হল চার হাজার জন। আর বারো হাজার সৈন্য স্বল্পতার কারণে কখনো পরাজিত হবে না।”
[সহীহ] [এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

অর্থ: সবচেয়ে সুন্দর সাথী চারজন। আর সবচেয়ে উত্তম সৈন্যদল চারশত জনবলে গঠিত সৈন্যদল । আর চার হাজার সৈন্যদল হলো সবচেয়ে উপকারী সৈন্যবাহিনী। আর যখন কোনো সৈন্যদলের সংখ্যা বারো হাজার হবে, অর্থাৎ বা তার চেয়ে বেশি হবে, তারা কখনোই পরাজিত হবে না। আর যদি পরাজিতও হয়, তবে তারা সংখ্যা কম হওয়ার কারণে নয়। তারা অন্য কারণে পরাজিত হবে। যেমন, দীনদারীতে ত্রুটি অথবা বেশি হওয়ার কারণে অহংকার বা গুনাহে লিপ্ত হওয়া বা আল্লাহর ইখলাস না থাকা ইত্যাদি।

http://sunnah.global/hadeeth/bn/show/5956